

ঢাকা ওয়াসা

সং ক্রঃ নং-১। এপিপি এর কপি।

সং ক্রঃ নং-২। পাম্পের লে-আউট নকশা।

সং ক্রঃ নং-৩। Estimate & Calculation Sheet.

বিষয়ঃ: Repair & Maintenance of pump house, Chlorine room and necessary renovation works of Agargoan-4 & Agargoan-6 water pump compound under MODS Zone-4, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ নং: ১.০

মডস জোন-৪ এর আওতাধীন আগারগাঁ-৪ ও আগারগাঁ-৬ পাম্প ২টি দ্বারা একটি বৃহৎ অংশে পানি সরবরাহ করা হয়ে থাকে। পাম্প ২টিতে বহুদিন যাবৎ রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ করা হয়নি। বেশ কিছু অংশে প্লাস্টার খসে পড়ছে। দীর্ঘদিন যাবৎ পাম্প ২টিতে রং করণের কাজ করা হয়নি। পাম্প কম্পাউন্ড নিচু হওয়ায় ভারী বৃষ্টিপাত হলে পাম্প হাউজের ভিতরে পানি ঢুকে পড়ে। মেইন গেইটটি অনেক পুরাতন হওয়ায় নিরাপত্তার স্বার্থে পরিবর্তন করা প্রয়োজন। এছাড়া বেশকিছু অংশে গ্রিল ফেন্সিং না থাকায় নতুন করে স্থাপন করা প্রয়োজন। পাম্প হাউজের ছাদের জলছাদ/পেটেন্টস্টোন না থাকায় বর্ষার মৌসুমে সামান্য বৃষ্টিপাত হলেই বৃষ্টির পানি ছাদ চুইয়ে চুইয়ে অনর্গল পাম্প হাউজের ভিতরে ঢুকে পড়ে। অত্যন্ত জরুরী ভিত্তিতে পাম্প হাউজগুলোর মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং: ১.১

আলোচ্য কাজটির সমুদয় ব্যয়ভার মডস জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার “পানির পাম্প রক্ষণাবেক্ষণ” খাতের ক্রমিক নং H(40) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-১)। আলোচ্য কাজটি পি.পি.আর-২০০৮ এর বিধি ৬৩ অনুযায়ী LTM (e-GP) পদ্ধতিতে STD এর PW2b অনুসরণে দরপত্র আহবান করা যেতে পারে। উল্লেখিত কাজগুলি জরুরী ভিত্তিতে সম্পাদন করার লক্ষ্যে PWD এর ২০২২ সালের অনুমোদিত (সংশোধিত) রেইট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৮-৪,৯৬,৮৩৩.৮৩৬/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তেত্রিশ দশমিক আট তিন ছয়) টাকা মাত্র (সংযুক্তি-৩)।

অনুচ্ছেদ নং: ১.২

এমতাবস্থায়, Repair & Maintenance of pump house, Chlorine room and necessary renovation works of Agargoan-4 & Agargoan-6 water pump compound under MODS Zone-4, Dhaka WASA কাজটির নিম্নলিখিত প্রস্তাব অনুমোদন করা যেতে পারেঃ

(ক) প্রাক্কলিত ৮-৪,৯৬,৮৩৩.৮৩৬/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত তেত্রিশ দশমিক আট তিন ছয়) টাকা মাত্র এর অনুমোদন।

(খ) কাজটির সমুদয় ব্যয়ভার মডস জোন-৪ এর ২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার “পানির পাম্প রক্ষণাবেক্ষণ” খাতের ক্রমিক নং H(40) হতে নির্বাহের অনুমোদন।

(গ) Standard Tender Documents (STD) for Works PW2b অনুসরণে কাজটি পি.পি.আর-২০০৮ এর বিধি মোতাবেক LTM(e-GP) পদ্ধতিতে সম্পন্ন করার অনুমোদন।

(ঘ) ঢাকা ওয়াসার TEC-1 এর মাধ্যমে দরপত্র মূল্যায়ন সম্পন্নের অনুমোদন।

(ঙ) দরপত্র আহবান, মূল্যায়ন, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়া নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৪ এর মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

উল্লেখ্য যে, মডস জোন-৪ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনায় আলোচ্য কাজটির অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


- ১৮/১২/২৫
মিয়া আনবারুল হাযী
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৪
ঢাকা ওয়াসা।




- ২৮/১২/২৫
মোঃ হোসেন আলী
সহকারী প্রকৌশলী
মডস জোন-৪, ঢাকা ওয়াসা।


A/
18.02.25
মোঃ আবিদ হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৪, ঢাকা ওয়াসা।

SE. MODS-2


- ২৮/০২/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।


- ২৮/০২/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাসাকী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।